# সিটিজেন চার্টার

## আমদা হেল্‌থ এন্ড এনভায়রনমেন্ট ডেভেলপমেন্ট সোসাইটি


### প্রধান কার্যালয়ঃ

হোসেন্দী ইউনিয়ন, গজারিয়া উপজেলা, মুন্সীগঞ্জ জেলা। মোবাইল ঃ ০১৮১৮৭৮৭৬২৮; ০১৮১৯৮৯৫৯৩১

ই-মেইল ঃ office@amdabd.org, ওয়েব ঃ www.amdabd.org


ভূমিকাঃ ক্ষুদ্রঋণ সেক্টরে প্রশাসনিক ও আর্থিক সুশাসন প্রতিষ্ঠা, ব্যাপক পরিসরে ক্ষুদ্রঋণের টেকসহিতা নিশ্চিত করে, অর্থনীতিকে সচল রাখা, সামাজিক নিরাপত্তা এবং গ্রাহকদের দোড়গোড়ায় ঋণ সেবা পৌঁছে দিয়ে দারিদ্রমুক্ত সমাজ গড়ার লক্ষ্যে এই সিটিজেন চার্টার প্রণয়ন করা হলো।

### ১) প্রতিষ্ঠানের লক্ষ্য ঃ

সমাজে পিছিয়ে পড়া সুবিধাবঞ্চিত প্রান্তিক জনগোষ্ঠির সার্বিক কল্যানার্থে টেকসই শিক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থান এবং আর্থ সামাজিক উন্নয়ন সাধনের লক্ষ্যে কাজ করা।

### ২)প্রতিষ্ঠানের উদ্দেশ্য ঃ

- আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড উন্নয়নের লক্ষ্যে ক্ষুদ্র ঋণ সহায়তা প্রদান।
- প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা ও স্বল্প মূল্যে উন্নত স্বাস্থ্য সেবা নিশ্চিত করা।
- দূর্যোগ ব্যবস্থাপনা, ত্রান ও পূনর্বাসনে সহযোগীতা করা।
- কর্মসংস্থানের লক্ষ্যে কারিগরি প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়নের ব্যবস্থা করা।
- টেকসই উন্নয়নের জন্য জীবন ঘনিষ্ট একীভূত শিক্ষা এবং সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করা।

### ৩) প্রতিষ্ঠানের ধরণ ঃ

সমাজের পিছিয়ে পড়া সুবিধাবঞ্চিত প্রান্তিক জনগোষ্ঠি যারা শিক্ষা, স্বাস্থ্য, সংস্কৃতি ও অর্থনৈতিকভাবে অবলেহিত, সে সব মানুষের কল্যাণার্থে কাজ করা একটি অলাভজনক, অরাজনৈতিক সেবামূলক বেসরকারী সংস্থা।

### ৪) প্রতিষ্ঠানের নিবন্ধন ঃ

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন ২০০৬ (২০০৬সনের ৩২নং আইন) এর ধারা ১৬ এর উপ-ধারা (৩)।
এনজিও অ্যাফেয়ার্স ব্যুরো অধ্যাদেশ ৪৬, ১৯৭৮, রেজিষ্ট্রেশন নং ৬৫৭, তাং-২০.১০.১৯৯২।
Joint Stock Companies & Firms Bangladesh, Certificate of Registration of Societies Act XXI of 1860.

### একনজরে বর্তমানে সংস্থার কার্যক্রম সমূহ ঃ

১. ঋণ ও স্বনির্ভর কার্যক্রম।
২. ত্রাণ ও পূর্ণবাসন কার্যক্রম।
৩. আমদা হেল্‌থ সেন্টার।
৪. আমদা ভোকেশনাল ট্রেনিং সেন্টার।
৫. আমদা কমিউনিটি সেন্টার কাম ফ্লাড শেল্টার।
৬. ডাউন সিনড্রোম প্যারেন্টস সাপোর্ট গ্রুপ ।
৭. বয়স্ক শিক্ষা কার্যক্রম।
৮. সামাজিক সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম।
৯. স্কুল উন্নয়ন কার্যক্রম।



### ক) সেন্টার সমূহের তালিকা

গজারিয়া উপজেলা, মুন্সীগঞ্জ জেলা।

| কেন্দ্র নং | গ্রাম/ইউনিয়ন | কেন্দ্র নং | গ্রাম/ইউনিয়ন | কেন্দ্র নং | গ্রাম/ইউনিয়ন |
|---|---|---|---|---|---|
| ১ | আসরাফদী | ৩১ | টেংগারচর | ৬১ | টানবলাকী |
| ২ | আসরাফদী | ৩২ | টেংগারচর | ৬২ | ইসমানিরচর |
| ৩ | হোসেন্দী গ্রাম | ৩৩ | টেংগারচর | ৬৩ | রঘুরচর |
| ৪ | হোসেন্দী গ্রাম | ৩৪ | টেংগারচর | ৬৪ | বৈদ্ধের গাঁও |
| ৫ | হোসেন্দী গ্রাম | ৩৫ | টেংগারচর | ৬৫ | উত্তর শাহপুর |
| ৬ | হোসেন্দী গ্রাম | ৩৬ | টেংগারচর | ৬৬ | ভবানীপুর |
| ৭ | গোয়ালগাঁও | ৩৭ | টেংগারচর | ৬৭ | উত্তর ফুলদী |
| ৮ | ইসমানিরচর | ৩৮ | টেংগারচর | ৬৮ | লসকরদি |
| ৯ | ইসমানিরচর | ৩৯ | জামালদী | ৬৯ | ইসমানিরচর |
| ১০ | বন্ধ | ৪০ | ইসমানিরচর | ৭০ | কান্দেরগাঁও |
| ১১ | আসরাফদী | ৪১ | টেংগারচর | ৭১ | ভাটিকান্দী |
| ১২ | হোসেন্দী গ্রাম | ৪২ | বালুয়াকান্দী | ৭২ | আলীপুরা |
| ১৩ | রায়পুরা | ৪৩ | বালুয়াকান্দী | ৭৩ | টানবলাকী |
| ১৪ | আবদুলাহপুর | ৪৪ | টেংগারচর | ৭৪ | উত্তর ফুলদী |
| ১৫ | হোসেন্দী বাজার | ৪৫ | বালুয়াকান্দী | ৭৫ | লসকরদি |
| ১৬ | হোসেন্দী বাজার | ৪৬ | বালুয়াকান্দী | ৭৬ | রায়পুরা |
| ১৭ | নাজিরচর | ৪৭ | বালুয়াকান্দী | ৭৭ | টানবলাকী |
| ১৮ | হোসেন্দী গ্রাম | ৪৮ | বালুয়াকান্দী | ৭৮ | রায়পুরা |
| ১৯ | নাজিরচর | ৪৯ | টেংগারচর | ৭৯ | কান্দেরগাঁও |
| ২০ | টেংগারচর | ৫০ | জামালদী | ৮০ | বালুয়াকান্দী |
| ২১ | টেংগারচর | ৫১ | বাজার হোসেন্দী | ৮১ | রায়পুরা |
| ২২ | টেংগারচর | ৫২ | নাজিরচর | ৮২ | ভাটেরচর |
| ২৩ | টেংগারচর | ৫৩ | নতুনচর | ৮৩ | ভাটেরচর |
| ২৪ | টেংগারচর | ৫৪ | নাজিরচর | ৮৪ | ভাটেরচর |
| ২৫ | টেংগারচর | ৫৫ | টেংগারচর | ৮৫ | জামালদী বাস স্ট্যান্ড |
| ২৬ | টেংগারচর | ৫৬ | রঘুরচর | ৮৬ | ভাটেরচর |
| ২৭ | টেংগারচর | ৫৭ | গোয়ালগাঁও | ৮৭ | তেতুইতলা |
| ২৮ | টেংগারচর | ৫৮ | নতুনচর | ৮৮ | বাজার হোসেন্দী |
| ২৯ | টেংগারচর | ৫৯ | ভবানীপুর | ৮৯ | ছোট রায়পারা |
| ৩০ | টেংগারচর | ৬০ | লসকরদি | ৯০ | জামালদী বাস স্ট্যান্ড |

### ক) ঋণ বিতরণের দফা

| ঋণ বিতরনের দফা | ঋণের পরিমান |
|---|---|
| ১ম | ৫,০০০ - ১০,০০০ |
| ২য় | ১০,০০১ - ২০,০০০ |
| ৩য় | ২০,০০১ - ৩০,০০০ |
| ৪র্থ | ৩০,০০১ - ৪০,০০০ |
| ৫ম | ৪০,০০১ - ৬০,০০০ |
| ৬ষ্ঠ | ৬০,০০১ - ৮০,০০০ |
| ৭ম | ৮০,০০১ - ১০০,০০০ |
| ৮ম | ১০০,০০১ - ১২০,০০০ |
| ৯ম | ১২০,০০১ - ১৪০,০০০ |
| ১০ম | ১৪০,০০১ - ১৬০,০০০ |

### খ) ঋণের খাত সমূহের তালিকা

| ক্রমিক নং | ঋণের খাত সমূহ |
|---|---|
| ১ | কৃষি কাজ (Agriculture) |
| ২ | মৎস চাষ (Fisheries) |
| ৩ | গবাদী পশু পালন (Poultry & Livestock) |
| ৪ | সেলাই ও হস্থ শিল্প (Sewing & Handicraft) |
| ৫ | ক্ষুদ্র ব্যবসায় (small Business ) |
| ৬ | পরিবহন (Rural Transportation) |
| ৭ | ঘর মেরামত (Housing) |

### ৫.১) ক্ষুদ্রঋণ কার্যক্রম ঃ

ক) পাঁচ বছর পর্যন্ত গ্রহক/সদস্যদের নাম, ঠিকানা, প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ করা হয়। অফিস চলাকালীন সময়ে গ্রহক/সদস্যবৃন্দ তাদের প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে বা জানতে পারবেন।

খ) ঋণ প্রদান প্রক্রিয়াঃ

ক্ষুদ্রঋণ গ্রহনের ক্ষেত্রে অবশ্যই ঋণ কার্যক্রমের সঞ্চয়ী সদস্য হতে হবে।
সদস্যপদ লাভের মেয়াদ সর্বোনিম্ন ১ (এক) মাস হতে হবে।
গ্রাহক/সদস্যকে খসড়া ঋণ প্রস্তাবে ঋণের জন্য আবেদন করতে হবে।
গ্রাহক/সদস্যকে অফিস কর্তৃক যাচাই বাছাইয়ের পর ঋণের আবেদন ফরম পূরণপূর্বক ঋণ বিতরণ করা হয়।
গ্রাহক/সদস্য ঋণের উপর ডিক্লাইনিং পদ্ধতিতে ২৩.৫৭% হার সুদ প্রদান করবেন।
ঋন প্রদানকালে গ্রাহকের নিকট হইতে গৃহিত ফি ৫ (পাঁচ) টাকা ও স্টাম্প চার্জ কাটা হয়।
ঋণ প্রদানের ১৫ (পনের) দিন পর কিস্তি আদায় শুর‍ু হয়।
ঋণের টাকা এক বছরে সর্বোমোট ৪৬ (ছিচলিশ) কিস্তিতে আদায় করা হবে।

গ) ঋণ সম্পর্কীত তথ্য Activity Report এবং Port Folio Report-এ পাওয়া যাবে।

### ৫.২) সঞ্চয় কার্যক্রম ঃ

- শুধুমাত্র সাধারণ বা সাপ্তাহিক সঞ্চয় ব্যবস্থা চালু আছে।
- গ্রাহক/সদস্য সাপ্তাহিক কিস্তিতে সর্বোনিম্ন ১০ (দশ) টাকা থেকে সর্বোচ্চ ৫০০ (পাঁচশত) টাকা পর্যন্ত জমা রাখতে পারবেন।
- গ্রাহক/সদস্য অফিস চলাকালীন সময়ে নির্দিষ্ট আবেদন ফরমের মাধ্যমে উক্ত সঞ্চয় থেকে উত্তোলন করতে পারবেন।
- গ্রাহক/সদস্যদের সঞ্চয়ের ক্ষেত্রে প্রতি ছয় (৬) মাস পরপর সর্বোনিম্ন ব্যালেন্সর উপর ৬% হারে লভ্যাংশ প্রদান করা হয়।
- গ্রাহক/সদস্য অফিস চলাকালীন সময়ে তার সঞ্চয় সম্পর্কীত তথ্য জানতে পারবেন।

### ৬) তথ্য আদান-প্রদান ও যোগাযোগ ঃ


প্রধান কার্যালয়ঃ
ফ্লাট-২/এ, বাড়ী-৫, রোড-৩, ব্লক-ই, বনশ্রী, ঢাকা-১২১২।
টেলিফোন ঃ ০২-৫৫১২৪৪১৫, মোবাইল ঃ ০১৭১১৮১৯৯৮৬,

শাখা অফিস ঃ
আমদা হেল্‌থ এন্ড এনভায়রনমেন্ট ডেভেলপমেন্ট সোসাইটি
হোসেন্দী ইউনিয়ন, গজারিয়া উপজেলা, মুন্সীগঞ্জ জেলা।
মাবাইল ঃ ০১৮১৮৭৮৭৬২৮; ০১৮১৯৮৯৫৯৩১
ই-মেইল ঃ office@amdabd.org,


৭। আমাদের নিজস্ব ওয়েবসাইট www.amdabd.org থেকে বিভিন্ন তথ্য সম্পর্কে জানা যাবে।

৮। ক্ষুদ্রঋন/প্রতিষ্ঠানের কার্যক্রম সম্পর্কে গ্রাহকের কোন অভিযোগ থাকলে উহা লিখিত আকারে অফিসে জমা দেয়া যাবে এবং উক্ত অভিযোগ ২(দুই) মাসের মধ্যে নিস্পত্তি করা হবে।

৯। বর্তমানে বীমা কার্যক্রম চালু নেই তবে পরবর্তীতে বীমা কার্যক্রম চালু করলে সদস্যর মৃত্যু হলে বীমাদাবী ( সঞ্চয় ফেরত ও ঋন মওকুফ) নিয়ম অনুযায়ী নির্দিষ্ট মেয়াদের মধ্যে সম্পন্ন করা হবে।

১০। ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনার জন্য এমআরএ হতে সনদ প্রাপ্ত গ্রহণ করা হয়েছে।
সনদ নম্বর ঃ ০০১৩৬-০০৬১০-০০৩৪৪
সনদ প্রাপ্তির তারিখ ঃ ২৯শে অক্টোবর ২০০৮ইং

১১। অর্থ / হিসাব বিষয়কঃ

১১.১) সদস্য পদ লাভ ও ঋণ সম্পর্কীত (সময়/টাকা) ঃ

ক) সদস্য পদ লাভের জন্য নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে।
খ) সংস্থার নিয়ম অনুযায়ী যাচাই বাছাইয়ের পর আবেদনের দ্বিতীয় সপ্তাহে সদস্য করা হবে।
গ) সদস্য পদ লাভের জন্য সদস্যের আবেদন ফরম বাবদ ৩০ (ত্রিশ) টাকা জমা দিতে হবে।
ঘ) জমা/পাস বই বাবদ ১০ (দশ) টাকা প্রদান করিতে হবে।
ঙ) ঋন আবেদন ফরম বাবদ ৫ (পাঁচ) টাকা গ্রাহকের কাছ থেকে নেয়া হয়।
চ) ঋন আবেদনের ক্ষেত্রে নতুন সদস্য হলে চার (৪) সপ্তাহ এবং পুরাতন সদস্য হলে এক (১) সপ্তাহ পরে ঋন প্রদান করা হয়।

১১.২) কোন কারনে প্রতিষ্ঠান অবসায়নের ক্ষেত্রে সংস্থার নিয়ম অনুযায়ী পাওনা পরিশোধের বিষয়ে আমানতকারী সর্বোচ্চ অগ্রাধিকার পাবেন।

১১.৩) ঋনগ্রহনের ক্ষেত্রে নারী বা পুর‍ুষ যে কোন ব্যক্তিকে ঋনগ্রহীতা "জামিনদার" হিসাবে মনোনীত করতে পারবেন।

১১.৪) গবেষণা ও আর্থিক প্রতিবেদন ঃ
ক) ক্ষুদ্রঋণ কার্যক্রমের ষান্মাসিক প্রতিবেদন প্রস্তুতকরণ (জুন ও ডিসেম্বর ভিত্তিক)
খ) বাৎসরিক ব্যবস্থাপনা প্রতিবেদন প্রস্তুতকরণ (জুন ভিত্তিক)
গ) বার্ষিক প্রতিবেদন প্রস্তুতকরণ (জুন ভিত্তিক)
ঘ) আর্থিক প্রতিবেদন প্রস্তুতকরণ (জুন ভিত্তিক)
ঘ) প্রজেক্ট খাতে বার্ষিক বাজেট প্রস্তুতকরণ(জুন ভিত্তিক)

১২। গ্রাহকদের অধিকার/কর্তব্যঃ

ক) বর্তমানে মেয়াদী আমানত রাখা হয় না তবে পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে মেয়াদী আমানত রাখা হবে।

খ) বর্তমানে সংস্থায় ক্ষুদ্রঋণ ও ক্ষুদ্র উদ্যোগ ঋণ কার্যক্রম চালু আছে, যা সকল গ্রাহক পাওয়ার অধিকারী। পরবর্তীতে সংস্থায় দূযোর্গ ব্যবস্থাপনা ঋন ও বীমা সেবা অন্তর্ভুক্ত করা হলে উক্ত সেবা সকল গ্রাহক পাওয়ার অধিকারী হবেন।

গ) গ্রাহকদের সঞ্চয়ের উপর নির্ধারিত হারে সুদ প্রাপ্তির অধিকার রয়েছে।

ঘ) গ্রাহক যে কোন কার্যদিবসে সংশিষ্ট শাখা কার্যালয়ে উপস্থিত হয়ে তদকর্তৃক আমানত ও ঋনস্থিতির বিবরণ জানাবার অধিকার রাখেন।

১৩) প্রতিষ্ঠান থেকে সদস্যদের সেবা প্রাপ্তির ক্ষেত্রে পরিপালনীয় শর্তাবলী নিন্মরূপঃ

- ক্ষুদ্রঋণ কার্যক্রমের গ্রহক হওয়ার যোগ্য কি না
- সদস্য হওয়ার আবেদনপত্র যথাযথ ভাবে পুরন হয়েছে কিনা
- মাঠ কর্মী কর্তৃক ঘোষিত সকল নিয়ম কানূন যথাযথ ভাবে অনুসরন করেছে কিনা
- দায়িত্ব কর্তব্য সম্পর্কে সচেতন আছেন কিনা
- পরস্পর পরস্পরের ঋনের দায়িত্ব গ্রহন সম্পর্কে সচেতন কিনা
- ঋণ গ্রহন, পরিশোধ, সেবামূল্য, গ্রুপ ট্যাক্স ইত্যাদি সম্পর্কে সদস্যরা সচেতন হয়েছেন কিনা
- তথ্য ফরম সঠিক ভাবে পুরণ করা হয়েছে কিনা
- ভর্তির টাকা যথাযথ ভাবে অফিসে জমা হয়েছে কিনা
- সদস্যের নাম মাস্টার রোল রেজিস্টারে এবং দৈনিক আদায় সীটে উঠানো হয়েছে কিনা
- প্রত্যেক সদস্যকে একটি করে পাশ বুক দেওয়া হয়েছে কিনা
- সদস্যদের পাশ বইতে হিসাব নম্বর দেয়া হয়েছে কিনা

১৪। গ্রাহক/সদস্যদের প্রতিষ্ঠানের বিভিন্ন প্রশিক্ষণ ও সামাজিক সচেতনতামূলক কার্যক্রমে অংশগ্রহনের অধিকার রয়েছে।

| প্রশিক্ষণ সমূহঃ | সামাজিক সচেতনতামূলক কার্যক্রমঃ |
|---|---|
| • সেলাই | ✓ শিক্ষা ও শিক্ষা সহায়তা |
| • কম্পিউটার | ✓ স্বাস্থ্য ও চিকিৎসা |
| • এইড নাসিং | ✓ নারীর উন্নয়ন ও ক্ষমতায়ন |
| • উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ | ✓ মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা |
| • গবাদি পশু ও হাঁসমুরগি পালন | ✓ ফুড এন্ড নিউট্রেশন |
| • হস্তশিল্প | ✓ কিশোর/কিশোরীদের পারিবারিক জীবন শিক্ষা |
| • চাষাবাদ | ✓ বাল্যবিবাহ প্রতিরোধ |
| | ✓ এইচআইভি (এইডস) ও পরিবার পরিকল্পনা |
| | ✓ খাদ্য প্রক্রিয়াজাত/সংরক্ষণ |

১৫ বীমা কার্যক্রম চালু হলে নির্ধারিত শর্তপূরণ সাপেক্ষে গ্রাহকদের বীমা দাবী (ঋন মওকুফ ও সঞ্চয় ফেরত) প্রাপ্তির অধিকার নিশিচত করা হবে।